# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪০৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

## اَلْفصْلُ الثَّالِثُ

আরবী

وَعَن ابْن الْمسيب قَالَ: وَقَعَتِ الْفِتْنَةُ الْأُولَى ـ يَعْنِي مَقْتَلَ عُثْمَانَ ـ فَلَمْ يَبْقَ مِنْ أَصْحَابِ بَدْرٍ أَحَدٌ ثُمَّ وَقَعَتِ الْفِتْنَةُ الثَّانِيَةُ ـ يَعْنِي الْحَرَّةَ ـ فَلَمْ يَبْقَ مِنْ أَصْحَابِ الْحُدَيْبِيَةِ أَحَدٌ ثُمَّ وَقَعَتِ الْفِتْنَةُ الثَّالِثَةُ فَلَمْ تَرْتَفِعْ وَبِالنَّاسِ طَبَاخٌ. رَوَاهُ الْبُخَارِيُّ

رواه البخارى (4024) ـ

(صَحِيح)

বাংলা

৫৪০৯-[৩১] ইবনুল মুসাইয়্যাব (রহ.) বর্ণিত। তিনি বলেন, ইসলামের প্রথম ফিতনাহ্ হলো ’উসমান (রাঃ)-এর হত্যা। এরপর বদর যুদ্ধে অংশগ্রহণকারী একজন সাহাবীও অবশিষ্ট ছিলেন না। দ্বিতীয় ফিতনাহ্ হলো ’হাররা’র রক্তক্ষয়ী যুদ্ধ, অতঃপর হুদায়বিয়ায় অংশগ্রহণকারী একজন সাহাবীও অবশিষ্ট রইলেন না। আর তৃতীয় ফিতনাহ্ সংঘটিত হওয়ার পর তা কখনো শেষ হয়নি, যতদিন মানুষের মধ্যে জ্ঞান ও সৎ গুণাবলি বিদ্যমান ছিল। (তখন সাহাবী ও তাবি’ঈদের কেউই অবশিষ্ট থাকেননি)। (বুখারী)

ফুটনোট

সহীহ বুখারী ৪০২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ‘উসমান (রাঃ)-এর হত্যাটাই হলো প্রথম ফিতনাহ্ বা প্রথম বিপর্যয়। অতঃপর তার পরবর্তীতে বদরী

কোন সাহাবী অবশিষ্ট ছিলেন না। অর্থাৎ তারা সকলেই ‘উসমান (রাঃ) -এর হত্যার ফিতনাহ্ ও আল হাররাতে সংঘটিত ফিতনার মধ্যবর্তী সময়ে মৃত্যুবরণ করেছেন এবং তাদের মধ্যে সা'দ ইবনু ওয়াক্কাস (রাঃ) সর্বশেষ মৃত্যুবরণ করেছেন এবং হাররায় সংঘটিত ফিতনার প্রায় দু' বছর পূর্বে মৃত্যুবরণ করেন। (ফাতহুল বারী ৭ম খণ্ড, ৩৪২ পৃ., হা. ৪০২৪)

নিহায়াহ গ্রন্থে রয়েছে যে, হাররাহ্ হলো কালো পাথর বিশিষ্ট মদীনার একটি উচ্চভূমি। এখানে ইয়াযীদ ইবনু মু'আবিয়াহ-এর সময়কালে প্রসিদ্ধ একটি ঘটনা সংঘটিত হয়। যখন তার সৈন্যবাহিনী মদীনা দখল করে নিয়েছিল এবং শামবাসীরা তাদেরকে মদীনার অধিবাসী সাহাবী ও তাবিঈনদের বিরুদ্ধে যুদ্ধ করার বৈধতা দিয়েছিল এবং ৬৩ হিজরীর যিলহজ্জ মাসে মুসলিম ইবনু ‘উবাহ আল মুরিয়্যাহ্ তাদের ওপর আমীর নিযুক্ত হন। (মিক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85387

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন